

## 37749 - সাপোজিটরি ব্যবহার করলে রোযা ভঙ্গবে না

### প্রশ্ন

কখনও কখনও রমযানে দিনের বেলায় আমি ক্লান্তি ও মাথা ব্যথা অনুভব করি। একজন আমাকে পরামর্শ দিলেন মাথা ব্যথা কমাতে সাপোজিটরি ব্যবহার করতে। এ ঔষধ ব্যবহার করলে কি রোযা ভেঙ্গে যাবে; নাকি ভঙ্গবে না? দয়া করে জানানো; আল্লাহ্ আপনার জ্ঞান বৃদ্ধি করুন।

### প্রিয় উত্তর

রমযানের দিনের বেলায় সাপোজিটরি ব্যবহার করলে রোযা ভঙ্গ হবে না। অনুরূপভাবে রোযাদারকে যদি ডুশ দিতে হয় সেটাও রোযা ভঙ্গকারী নয়। কেননা এটার ব্যবহার রোযা ভঙ্গকারী হওয়ার পক্ষে কোন দলিল নেই। তাছাড়া এগুলো পানাহার নয় কিংবা পানাহারের পর্যায়ভুক্তও নয়।

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া ‘আল-ইখতিয়ারাত’ গ্রন্থে (পৃষ্ঠা-১৯৩) বলেন:

সুরমা লাগানো কিংবা ইনজেকশন (উদ্দেশ্য হচ্ছে ডুশ) রোযা ভঙ্গ করবে না।... এটি কিছু কিছু আলেমের অভিমত।[সমাপ্ত]

শাইখ উছাইমীন (রহঃ) ‘আল-শারহুল মুমতি’ গ্রন্থে (৬/৩৮১) বলেন:

এ মাসয়ালায় শাইখুল ইসলাম ইবনে তাইমিয়ার অভিমতই অগ্রগণ্য।[সমাপ্ত] অর্থাৎ ডুশ গ্রহণ করা রোযা ভঙ্গকারী নয়।

আল্লাহ্ই ভাল জানেন।